

সম্মানিত সদস্যের জন্য

বিষয়: বিজিএমইএ'র সম্মানিত সদস্যদেরকে ASCM Dictionary Contest – এ অংশগ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, অ্যাসোসিয়েশন ফর সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে (ASCM) বাংলাদেশ এর একমাত্র অনুমোদিত প্রতিষ্ঠান একাডেমি অফ গার্মেন্টস টেকনোলজি বাংলাদেশের Garment Tech BD এর যৌথ উদ্যোগে গৃহীত ASCM Dictionary Contest বিজিএমইএ'র সকল সম্মানিত সদস্যদের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করেছে। আন্তর্জাতিক অঙ্গণে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সম্পর্কিত বিভিন্ন শব্দ ও টার্ম নিয়ে কিভাবে কাজ করা যায় সেটিই এই প্রতিযোগিতার মূল উদ্দেশ্য। যা আপনার প্রতিষ্ঠানের মধ্যে লুকায়িত প্রতিভা এবং দক্ষতাকে আন্তর্জাতিক পর্যায়ে প্রদর্শনের প্লাটফর্ম হিসেবে কাজ করবে।

প্রতিযোগিতায় আপনার প্রতিনিধি নির্বাচন পদ্ধতি:

ASCM Dictionary Contest প্রতিযোগিতাটি বাংলাদেশের স্থানীয় এবং হংকং আঞ্চলিক কেস কমপিটিশনের সাথে যুক্ত, যেখানে নির্বাচিত সেরা প্রতিনিধিরা তাদের প্রতিভা আন্তর্জাতিক অঙ্গণে প্রদর্শনের সুযোগ পাবেন। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের নিম্নলিখিত বিভাগগুলো থেকে ইংরেজি ভাষায় দক্ষ ও আত্মবিশ্বাসী প্রতিনিধিদের নির্বাচন করার জন্য অনুরোধ করা হলো:

১. সাপ্লাই চেইন
২. প্রোকিউরমেন্ট
৩. মার্কেটিং অ্যান্ড সেলস
৪. অপারেশনস
৫. প্রোডাকশন
৬. ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টিং
৭. মানব সম্পদ
৮. এডমিন অ্যান্ড কম্প্লয়েন্স
৯. লজিস্টিকস
১০. ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং
১১. প্র্যানিং

এই বিভাগগুলো থেকে আপনার ইচ্ছে অনুযায়ী প্রতিযোগিতা করার জন্য যোগ্যতার ভিত্তিতে প্রতিনিধি মনোনীত করতে পারবেন।

বিঃদ্র: প্রতিনিধির সংখ্যার ব্যাপারে কোনো বাধ্যবাধকতা নেই।

প্রতিযোগিতার সময়সীমা ও অংশগ্রহণের বিবরণ:

ASCM Dictionary Contest -আবেদনের প্রক্রিয়া, সময়সীমা ও পরীক্ষার তারিখ উল্লেখ করে প্রতিযোগিতা সম্পর্কিত যাবতীয় তথ্য সংযুক্তিসহ একটি সার্কুলার ই-মেইল আকারে আপনার কারখানার অফিসিয়াল অ্যাড্রেসে বিজিএমইএ থেকে প্রেরণ করা হবে।

অংশগ্রহণের ফি:

বিজিএমইএ'র সদস্যভুক্ত প্রতিষ্ঠান এই প্রতিযোগিতায় বিণামূল্যে অংশগ্রহণ করতে পারবে। তবে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সামাজিক কর্মকাণ্ডে জড়িত যেকোনো এনজিওতে প্রত্যেক প্রতিযোগী বাবদ ১০ মার্কিন ডলার অনুদানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানানো হচ্ছে।

বিঃদ্র: এই অনুদান সম্পূর্ণ ঐচ্ছিক।

প্রতিযোগিতায় অংশগ্রহণ সংক্রান্ত যেকোনো সহযোগিতা বা জিজ্ঞাসা থাকলে বিজিএমইএ/Garment Tech BD এর নিম্নোক্ত কর্মকর্তার সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে।

নাম ও পদবী	ই-মেইল	মোবাইল
আশরাফ ওয়ারেস, সিনি: সহকারী সচিব, এসডিপি সেকশন, বিজিএমইএ	sdp@bgmea.com.bd	01676396724
মোঃ পান্না রহমান, প্রজেক্ট লিডার, Garment Tech BD	panna.rahman@garmenttechbd.org	01755537222

আমরা আশা করি, দেশের **Garments** খাতের বিকাশে আপনি আপনার প্রতিষ্ঠানের দক্ষ, মেধাবী ও যোগ্য কর্মীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দিয়ে বিশ্ব দরবারে বাংলাদেশকে অনন্য উচ্চতায় পৌঁছাতে অগ্রণী ভূমিকা রাখবেন - এই প্রত্যাশা করছি।

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযুক্তি আকারে পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ ফারুকুর রহমান
মহা-সচিব, বিজিএমইএ।



Road to DataDevelop Prize (DDP) 2026 in Hong Kong


ASCM DICTIONARY CONTEST

Professional from Organizations



BD CASE COMPETITION

Students from Universities



Tentative Dates

- June 15, 2025: Quiz 1 of ASCM Dictionary Contest (Marks 80% or above will be eligible for Quiz 2)
- June 29, 2025: Quiz 1 of BD Case Competition (Marks 80% or above will be eligible for Quiz 2)
- Aug 17, 2025: Quiz 2 of ASCM Dictionary Contest (Top 6+48 mentors selected)
- Aug 24, 2025: Quiz 2 of BD Case Competition (The top 6 teams, each team consisting of 4 members)
- Aug 27, 2025: 6 Team Announcement (Organizations Mentors + University Students)
- Aug 27 to Nov 15, 2025: Team will have 80 days to prepare for the finale of the BD Case Competition.
- Nov 16, 2025: Grand Finale of BD Case Competition. (Top team will have the honor of representing Bangladesh in the prestigious **DataDevelop Prize (DDP) 2026 in Hong Kong.**)

** GarmentTechBD reserves the right to modify or amend the steps and dates as needed.



+8801755537222

www.garmenttechbd.org

LEARN GLOBAL TO GROW FUTURE